নূপুর বেজে যায় রিনিরিনি ।
আমার মন কয়, চিনি চিনি ॥
গন্ধ রেখে যায় মধুবায়ে মাধবীবিতানের ছায়ে ছায়ে,
ধরণী শিহরায় পায়ে পায়ে, কলসে কঙ্কণে কিনিকিনি ॥
পারুল শুধাইল, কে তুমি গো, অজানা কাননের মায়ামৃগ ।
কামিনী ফুলকুল বরষিছে, পবন এলোচুল পরশিছে,
আঁধারে তারাগুলি হরষিছে, ঝিল্লি ঝনকিছে ঝিনিঝিনি ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Kedara
Visit www.geetabitan.com for notation and other detail